Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কল্যাণ বাণী

শ্রীশ্রী আনন্দময়ী চ্যারিটেবল সোসাইটি

কলিকাতা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

gitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IK

n Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Va

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection; Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Var

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কল্যাণ-বাণী

শিবানন্দ সংকলিত

শ্রীশ্রীআনন্দময়ী চ্যারিটেবল সোসাইটি
কলিকাতা-৭০০০৬৯

In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Var

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রকাশক ঃ
শ্রীশ্রীআনন্দময়ী চ্যারিটেবল সোসাইটি
"মাতৃমন্দির"
৫৭/১, বালিগঞ্জ সার্কুলার রোড
কলিকাতা-৭০০ ০১৯

দ্বিতীয় প্রকাশ
১৩৯৭ বঙ্গাব্দ

সর্বস্বত্ব সংরক্ষিত

মূল্য ঃ তিন টাকা মাত্র

মুদ্রক ঃ
দি ইউরেকা প্রিণ্টিং ওয়ার্কস প্রাইভেট লিমিটেড
৭৬, বিপিন বিহারী গাঙ্গুলী স্ট্রীট
কলিকাতা-৭০০ ০১২

. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ক্রমিক বিষয় সূচী

বিষয়	পৃষ্ঠা সংখ্যা
নিবেদন	(ক)
যাচঞা	(গ)
ভক্ত সাধক শ্রীমৌনানন্দজীর মাতৃ সমীক্ষা	(ঘ)
শ্রীশ্রীমা	(ঙ-ঠ)
পঞ্চ মহান-বার্তা	১
প্রার্থনা ও প্রয়োগ	২
গুরু	৬
ভগবান	৯
নাম ও নামী	১১
ধর্ম কর্ম	১৩
সাধন ভজন	১৬
শান্তি লাভের উপায়	২০
বিবিধ	২২
সান্ত্বনা ও আশার বাণী—মাভৈঃ	২৪
মাতৃকৃত পরিভাষা	২৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিবেদন

প্রতিটি মাতৃবাণী এক বিরাট মধুচক্রের এক একটি প্রকোষ্ঠ। মধুচক্রে প্রতিটি প্রকোষ্ঠ মধুপূর্ণ, প্রতিটি মাতৃবাণী অমৃতের আকর। পথ ভ্রষ্ট, ত্রিতাপ তপ্ত চতুর্বিধ অপবর্গেচ্ছু গৃহী সাধু-সন্ন্যাসী-যুবা, বৃদ্ধ-প্রৌঢ় প্রভৃতি অসংখ্য জনমানসে আকুল আকুতির নিবৃত্তি কল্পে মাতৃবাণী গুলির স্বতঃস্ফুরণ। ইহাতে আছে সর্বজনের সব জ্বালার ও সব ব্যাধির আমোঘ ঔষধ। ইহাদের যত অধিক পঠন-পাঠন, ততই জগতের কল্যাণের দিক্।

শ্রীশ্রীমায়ের বাণীগুলি যেমন অনবদ্য তেমনি সংখ্যায়ও অগণিত। সেই অগণিত সংখ্যক বাণী হইতে অতি যত্ন ও সাবধানতার সহিত নির্বাচন করিয়া এই বাণীগুলি সংকলিত হইয়াছে — যাহাতে সর্বস্তরের সর্ব ভাবের ও সর্বসাধন পথের পথচারী-

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দিগের চলার পথ ইহা আলোকিত করিতে পারে। এক কথায় এই পুস্তিকা ব্রহ্মচর্য, গার্হস্থ্য, বানপ্রস্থ ও সন্ন্যাস এই আশ্রম চতুষ্টয়ের দিক্ প্রদর্শক।

সর্বাবস্থায় যিনি থাকিতেন সহজ সমাধিতে স্থিত, সর্বজনে পরম সত্য ও চির শান্তির সন্ধান প্রদান উদ্দেশ্যে-ই যাঁহার প্রাকট্য সেই সতত স্মরণীয়া ব্রহ্মস্বরূপিণী শ্রীশ্রীমায়ের বাণীর সৎসঙ্গ লাভে সকলের জীবন শান্তিময়, আনন্দময় ও ধন্য হউক্ ইহাই করুণাময়ী মায়ের শ্রীচরণে ঐকান্তিক নিবেদন। ইতি—

মাতৃচরণাগত সংকলক

২৭শে আগষ্ট,
১৯৮৩ খৃঃ

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যাচ্ঞা

হে মহাজীবন, হে মহামরণ,
লইনু শরণ, লইনু শরণ ॥
আঁধার প্রদীপে জ্বালাও শিখা,
পরাও পরাও জ্যোতির টীকা—
করো হে আমার লজ্জা হরণ ॥
পরশ রতন তোমারি চরণ—
লইনু শরণ, লইনু শরণ ।
যা কিছু মলিন, যা কিছু কালো,
যা কিছু বিরূপ হোক তা ভালো—
ঘুচাও ঘুচাও সব আবরণ ॥

—রবীন্দ্রনাথ

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মাতৃ-সমীক্ষা

"ভগবান বা ঈশ্বর বলিতে, ধারণায় যা আনিতে পারি, শ্রীশ্রীমা তাহার-ই মূর্ত প্রকাশ। তাঁহার দেহ ও লীলা বিলাস সবই অপ্রাকৃত ও অসাধারণ, — এই বুদ্ধিতে প্রতিষ্ঠিত হইয়া সকল কর্মে, ধ্যানে ও জ্ঞানে তিনি-ই একমাত্র পরম উপাস্য, ইহা স্থির বুঝিয়া তাঁহার শ্রীপাদপদ্ম হৃদয়ে বসাইতে পারিলে পরমার্থ পথে অন্য কোন আশ্রয়ের প্রয়োজন হইবে না।

তাঁহার শ্রীমুখ নিঃসৃত কোনো বাণী ব্যর্থ হইবার নয়, এবং তাঁহার স্মৃতি কালের অধীন নহে — ইহা স্মরণ রাখা কর্তব্য।"

—পরম ভক্ত সাধক শ্রীমৌনানন্দ পর্বত

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীশ্রীমা

শ্রীশ্রীমা আনন্দময়ীর আবির্ভাব ত্রিপুরা জেলার খেওড়া গ্রামে (বর্তমানে বাংলাদেশান্তর্গত)। ১৩০৩ সনের ১৯শে বৈশাখ, বৃহস্পতিবার (ইং ৩০শে এপ্রিল, ১৮৯৬ খৃঃ) রাত্রি প্রায় তিন দণ্ড অবশিষ্ট থাকিতে কৃষ্ণা চতুর্থী তিথিতে। তিনি আবির্ভূত হয়েছিলেন বিদ্যাকূট নিবাসী কাশ্যপ গোত্রীয় ৺বিপিন বিহারী ভট্টাচার্যের ও ভরদ্বাজ গোত্রীয় সুলতানপুর নিবাসী ৺রমাকান্ত ভট্টাচার্যের কন্যা বিধুমুখীর দ্বিতীয়া কন্যারূপে। নাম নিয়েছিলেন নির্মলাসুন্দরী। হাসি খুশীতে ভরা অপূর্ব দৈহিক ও স্বভাব সৌন্দর্যে ঘেরা এই ক্ষুদ্র মেয়েটিকে ঐ নামে ডেকে সবার তৃপ্তি হত না। তাই পাড়াপ্রতিবেশী, আত্মীয়-অনাত্মীয় তাঁকে ডাকত আরো বিভিন্ন নামে। কেউ বলত খুশীর মা, কেউ আদরিণী, কেউ বা বলত

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নন্দিনী বা তীর্থবাসিনী বা বিমলা। অনেক পরে আর এক নাম হয়েছিল — মানুষ কালী। কিন্তু সব নামের সেরা নাম ভাইজী (শ্রীজ্যোতিষ চন্দ্র রায়) প্রদত্ত 'আনন্দময়ী' নামেই তিনি সর্বজন পরিচিতা হয়েছিলেন। কারণ তিনি ছিলেন আনন্দ প্রতিমা।

শ্রীশ্রীমায়ের আবির্ভাবের সময় হতেই তাঁকে ঘিরে ফুটে উঠত নানাপ্রকার অলৌকিক রহস্য। সদ্যোজাত শিশু প্রসূতি-গৃহের বেড়ার ফাঁক দিয়ে বাইরের আমগাছ দেখতেন। দেখতেন, বহু দেবদেবী যুক্ত করে শায়িত শিশুকে প্রণতি জানিয়ে যাচ্ছেন। এই জাতীয় অনেক কথাই পরবর্তীকালে তিনি ব্যক্ত করেছিলেন। তাঁর আবির্ভাবের একাদশ দিবসে শ্রীনন্দন চক্রবর্তী (বিধুমুখী দেবীর দূর সম্পর্কীয় মাতুল) তাঁকে দেখতে এসেছিলেন সেকথা বহুদিন পরে প্রসঙ্গক্রমে তিনি তাঁর জননীকে স্মরণ করিয়ে দিয়েছিলেন।

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মা আবির্ভূত হয়েছিলেন লীলা পুরুষোত্তম হয়ে। কি বাল্যে, কি যৌবনে, কি কুমারী বা গৃহস্থ বধূরূপে কিংবা ভক্তসঙ্গে তাঁর লীলা বৈচিত্র্যে বিশ্ববাসী আশ্চর্য চকিত হয়ে যেতেন। এর কারণ এই ছিল যে, মানুষ যা করে তার ভিত্তি থাকে অহংকারের ওপরে প্রতিষ্ঠিত, কিন্তু মা দেহধারণ করেও তিনি ছিলেন দেহবোধ শূন্যা। স্ব-স্বরূপে তিনি ছিলেন নিত্য জাগ্রত। স্বভাবের প্রেরণায়-ই তাঁর লীলা-খেলা পরিচালিত হত। শৈশবে পাড়া-পড়শী, আত্মীয় স্বজনকে তিনি মাধুর্য লীলায় বিমোহিত করেছেন। কৈশোরের 'মা আমি বাঁকা হয়েছি' লীলা ভিন্নতর। গৃহস্থ বধূরূপে সেবা যত্নের লীলায় পরিবার-পরিজন ছিল মুগ্ধ।

অনতিকাল মধ্যেই তাঁর লীলা সম্পূর্ণ পরিবর্তিত ধারায় বইতে লাগল। এবার আরম্ভ তাঁর যোগ-সাধনের যোগিনী লীলা। এই লীলায় মায়ের

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেহকে আশ্রয় করে শাস্ত্রোক্ত যাবতীয় যোগ ও সাধন ক্রিয়া স্বতঃস্ফূর্তভাবে ফুটে উঠতে লাগল। এ যেন অপার সমুদ্রের অগণিত লহরী একের পর এক মায়ের দেহের ওপর দিয়ে ঢেউ খেলে যেতে লাগল। মায়ের দীক্ষা হ'ল। সে এক বিচিত্র লীলা। নিজে-ই গুরু নিজে-ই শিষ্য, নিজ মুখেই মন্ত্রোচ্চারণ নিজ কর্ণেই শ্রবণ, গ্রহণ। এক শ্রাবণী পূর্ণিমাতে সর্বদেবদেবীময়ী মায়ের দেহ হ'তেই আবির্ভূত হতে লাগলেন দেবদেবী আবার মায়ের দেহে-ই ঘটল তাঁদের নিমিলন। সে লীলায় বিস্ময় ও বৈভবের পরাকাষ্ঠা!

ক্রমে মা নিজেকে ছড়িয়ে দিতে লাগলেন ভক্ত-জনগণ মধ্যে। জীবন মধ্যে আরম্ভ হ'ল আর এক অধ্যায়। ইতিমধ্যে বার বৎসর দশ মাস বয়সে মায়ের বিবাহ। স্বামী ঢাকা আটপাড়া নিবাসী

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীরমণীমোহন চক্রবর্তী। সে লীলাও কি কম বিস্ময়কর। বিবাহোত্তর জীবনে স্বামী রমণীমোহন মাকে মা বলেই ডাকতেন এবং মা-ও তাঁকে বাৎসল্য স্নেহে ভোলানাথ নামে-ই সম্বোধন করতেন। তিনি মাতৃনির্দেশে জীবনের আদ্যোপান্তই হয়েছিলেন আধ্যাত্মিক পথের পথিক।

যাহোক্ মায়ের নবীন লীলায় ভোলানাথ তো ছিলেন-ই, ক্রমে গুরুপ্রিয়া দিদি (আদরিণী দেবী) ও জ্যোতিষচন্দ্র রায় (ভাইজী) আবির্ভূত হলেন মায়ের লীলাসঙ্গী হয়ে। প্রথমে বাজিতপুর, শাহবাগ, ও ঢাকায় কিছুদিন চলল মায়ের ভাবসমাধি ও যোগ সমাধির লীলা। বিভিন্ন পরিবেশে তিনি পুনঃপুনঃ সমাধিস্থ হয়ে পড়তে লাগলেন। ক্রমে তা রূপান্তরিত হ'ল সহজ-সমাধিতে। এই সময় হিন্দু, ইসলাম, খৃষ্টান, বৌদ্ধ, জৈন প্রভৃতি শাস্ত্রীয় বিভিন্ন প্রক্রিয়া মায়ের শরীরকে কেন্দ্র করে প্রকাশিত হ'তে

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

লাগল। কখনো বাইবেলের সুরে বাইবেলের প্রার্থনা মন্ত্র কখনো সুস্পষ্ট উচ্চারণে কোরাণের মন্ত্রে নমাজ পাঠ, কখনো বা প্রাচীন ফার্সী ভাষায় জেন্দাবেস্তার মন্ত্র প্রস্ফুটিত হতে লাগল।

এর পরেই একদিন মা বিশ্বজনীন লীলায় অবতীর্ণ হলেন। মা অনুভব করলেন, — "বিশ্বের প্রতিটি লোক, প্রতিটি প্রাণী, বৃক্ষ-লতা, কীটপতঙ্গ, ধূলি, মাটি, জল, এমন কি দেবতা বিগ্রহ-ও" মাকে আকর্ষণ করছে। শুধু স্থূলেই নয় সূক্ষ্মেও সেই আকর্ষণ গ্রহ-গ্রহান্তরে। সেই দুর্নিবার আকর্ষণেই মা ঘুরে বেড়াতে লাগলেন ভারতের আনাচে-কানাচে, গ্রামে গঞ্জে, সহরে বন্দরে, দেশে-বিদেশে, স্থূলে-সূক্ষ্মে ঘূর্ণিবাত্যার মত-ই। এ লীলা চলেছে দীর্ঘ অর্ধ-শতাব্দীর অধিক কাল ধরে। এই পরিভ্রমণের ফলে মার শরীরকে কেন্দ্র করে দেশ বিদেশে গড়ে উঠেছে অসংখ্য মন্দির, শত শত আশ্রম, জাগ্রত

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হয়েছে অগণিত লুপ্তপ্রায় তীর্থস্থলী, দেশবিদেশ প্লাবিত হয়ে গেছে ধর্মের প্লাবনে। মাতৃ-দর্শনে, মাতৃস্পর্শে, মাতৃ-উপদেশ ও বাণী শ্রবণ করে অগণিত নরনারী শিশু-বৃদ্ধ-যুবক-কিশোর-কিশোরী, সাধু-সন্ন্যাসী নবজীবন লাভে ধন্য হয়েছে। মা ছিলেন দুঃস্থের বন্ধু, অগতির গতি, শোকার্তের সান্ত্বনা, অসহায়ের সহায়, বিশ্বজনার করুণাকাতর জননী। মা বলতেন, — "যাদের কেউ নাই, তাদের-ই এ শরীরটার বিশেষ প্রয়োজন।" মায়ের জীবন-লীলায় ইহা আক্ষরিক সত্য হয়ে ফুটে উঠেছে।

এইভাবে সুদীর্ঘ সাতাশি বৎসরকাল অতিবাহিত করে ১৯৮২ খৃষ্টাব্দের ২৭শে আগষ্ট উত্তর প্রদেশের দেরাদুন সহরে বিশ্বজননী মর্ত্যলীলা সংবরণ করেন। এর ঠিক কয়েকদিন পূর্বেই জগদ্‌গুরু শংকরাচার্য মায়ের অসুস্থতার সংবাদে ব্যস্ত হয়ে মাতৃচরণে উপস্থিত হয়েছিলেন মায়ের আরো দীর্ঘ জীবন

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কামনা করে। মা তাঁর সেই প্রার্থনার উত্তরে বলেছিলেন, — 'পিতাজী! অপ্রকট্। অপ্রকট্ খীঁচ রহা হ্যয়।' সেই অপ্রকটের আকর্ষণেই মা অপ্রকট হয়ে মা বিশ্ব ব্রহ্মাণ্ডে ছড়িয়ে পড়লেন। পরে শিবতীর্থ কনখলে গঙ্গাতটে তাঁকে স্থল সমাধিস্থ করা হয় ২৯শে আগষ্ট তারিখে। কিন্তু মা আজও বিদ্যমান, তার প্রত্যক্ষ প্রমাণ কোনো কোনো ভাগ্য-বান আজও প্রায়ই পাচ্ছেন।

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পঞ্চ মহান বার্তা

১। হরি কথাই কথা, আর সব বৃথা ও ব্যথা।

২। যতক্ষণ আমি ততক্ষণ তিনি নাই। আমার মৃত্যু তাঁর প্রকাশ।

৩। অমর আত্মা অমরপন্থী স্বয়ং আপনাতে আপনি।

৪। দল ছাড়লে সবই যোগ।

৫। যত্র জীব তত্র শিব, যত্র নারী তত্র গৌরী।

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রার্থনা ও প্রয়োগ

প্রার্থনার শক্তি অসীম। প্রার্থনার জগতে অসম্ভব বলিয়া কিছু নাই। প্রার্থনায় শক্তি লাভ হয়। ধর্ম-অর্থ-কাম-মোক্ষ — ঠাকুরের কাছে প্রার্থনার ফলে সবই লাভ সম্ভব।

* * *

শয্যা ত্যাগের সময় ভাববে — 'ঠাকুর তুমিই যন্ত্ররূপে বা 'তোমার-ই যন্ত্র' এই যন্ত্র দিয়ে যেন সারাদিন শুভকর্ম হয়। রাত্রে শয্যা গ্রহণের সময় প্রার্থনা করবে — 'সারাদিন যা করালে তোমার চরণে সব সমর্পণ। আর তন্ন তন্ন করে সারা-দিনের কর্ম দেখা; যদি ভুল থাকে, প্রার্থনা — 'ক্ষমা করো, আর যেন ভুল না হয়; সব কর্মই যেন শুদ্ধ হয়। পরে নাম করা, প্রণাম করা, মনে

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মনে হলেও ধ্যান করে তাঁর পায়ে মাথা রাখা। অবশেষে আমার দেহ-মন তোমার পায়ে সমর্পণ — এই ভেবে শুয়ে পড়া।

* * *

প্রার্থনা সাধনার বিশেষ অঙ্গ। প্রার্থনায় জীব ও জগতের প্রাণ অবস্থিত। যখন যা প্রাণে আসে, তাঁকে জানাবে। আর সরল ও ব্যাকুল হয়ে তাঁর শরণাগতি প্রার্থনা করবে।

* * *

মৃত্যুর মৃত্যু হওয়া চাই। মৃত্যুর ধ্যান আসে কেন? এ যে অমৃত, মৃত্যু কোথায়? পাগল! যাঁকে পেলে অখণ্ড-মণ্ডলাকার নিখুঁত প্রকাশ, সেই তো নিজেকে পাওয়া। পাওয়ার গোল সে তো ভাল। — কিন্তু গণ্ডগোল নয়। এই চিন্তাই কেন?

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দুর্বলতার আশ্রয় নিতে নাই। তিনি তো আছেন-ই। তাঁর কাছে প্রার্থনায় সমস্ত দুর্বলতা দূর হয়ে যায়।

* * *

অমূল্য সময় চলে যাচ্ছে। প্রত্যেক মুহূর্তের সফলতা প্রয়োজন। সত্যানুসন্ধানে লেগে যাও। সত্য লাভ আকাঙ্ক্ষায় তাঁর কাছে প্রার্থনা কর — 'ঠাকুর, তুমি ছাড়া যে আমার দিনগুলি বৃথা চলে যাচ্ছে। আমাকে দয়া কর।'

* * *

প্রতিদিন একটা নির্দিষ্ট সময় ভগবানের নিকট এই প্রার্থনা করবে — 'হে অন্তর্যামী দেবতা, প্রতি জীবের হৃদয়ে তোমার জন্যে যৎকিঞ্চিৎ ভক্তি ও অনুরাগ জাগিয়ে দাও।' সংসারের চিন্তায় বিক্ষিপ্ত মন, বুদ্ধি, চিত্ত, অহংকারকে ডেকে বলিও 'দেখ

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তোমাদের যে প্রভু, এখন তাঁর নিকট যাচ্ছি, আমাকে তোমরা পথ ছেড়ে দাও' — এই বলে নিশ্চল হয়ে আসনে বসবে, তারপর প্রার্থনা করবে — 'হে ভগবান, আমার মধ্যে প্রকাশিত হও। আমাকে আপন করে নাও। আমায় পথ দেখাও।'

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুরু

গুরু কে ? জেনে রেখো, গুরু বলতে একমাত্র স্বয়ং একই। স্বয়ং ভগবান-ই গুরুরূপে প্রকাশ হ'ন। বিশ্বাস করো তাঁকে ডাকো।

* * *

যদি একবার গুরু আশ্রয় দেন, যতক্ষণ পর্যন্ত শিষ্যের লক্ষ্য পূর্ণ না হবে ততক্ষণ পর্যন্ত গুরু যান না, এ প্রশ্নও ওঠে না। গুরু যাবেন কোথায় ? তাঁর কি আসা যাওয়ার প্রশ্ন আছে ? কাজেই গুরু যেখানে, আসা যাওয়ার প্রশ্ন সেখানে নাই। কারণ সেখানে দেহ থাকতে পারে না।

* * *

গুরু শক্তিতেই সব হয়। গুরু কর। আবার সর্বরূপ সর্বনামে তিনি-ই। একটি নিয়ে বসে

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যাও। আবার তাঁর নাম নাই রূপও নাই তিনি অনামী, নিরাকার। যতক্ষণ গুরু না মিলে, যে রূপ, যে নাম ভাল লাগে নিয়ে থাকা আর নিত্য প্রার্থনা, — "ঠাকুর, তুমি আমার নিকট সদ্‌গুরু রূপে প্রকাশিত হও। গুরু তো অন্তরে। হে অন্তর্যামী, প্রকাশিত হও।

প্রকৃত গুরু যিনি, সর্বক্ষণ হাত ধরে-ই আছেন, কেহ চিন্তায় রাখুক আর না রাখুক। আরে চিন্তাটা করায় কে? সেই পরম গুরু-ই তো সব। আর তিনি যাহা করেন, তাঁর কাছে পেঁছাবে বলেই তো! তিনি যখন সূত্র ধরে টানেন, তখনই তাঁর চরণে মাথা ঝুঁকে পড়ে।

* * *

গুরু তত্ত্ব বড় গভীর। গুরুতে ঈশ্বর বুদ্ধি রাখা। গুরু কখনো ত্যাগ হয় না। গুরু জন্ম

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জন্মান্তরের তাই গুরুশক্তি আর গুরুভক্তি শিথিল হয় না কখনো।

অনেকে দুঃখ করে — 'সদ্‌গুরুর কাছে দীক্ষা নিলাম, কৈ কিছুই তো হলো না।' কাপড়ে একটু কালির দাগ লাগলে, তা তুলতে কত সময় লাগে, আর চিত্তের এত গাঢ় ময়লা কি ২।৪ দিনেই উঠে যাবে? গুরুর উপদেশের ওপর অটল বিশ্বাস ও শ্রদ্ধা রেখে নিষ্ঠার সঙ্গে উপাসনাদিতে মনোনিবেশ কর। ফল দেবেই দেবে — সব হবে, সব হবে।

* * *

নিজে শিষ্য হ'তে চেষ্টা কর। গুরু মিলবে। কৃপা পাওয়ার দিক খুলবে। করুণা ধারার সন্ধান মিলবে। প্রার্থী হলেই জিনিষ মিলবার সম্ভাবনা। প্রার্থী তো হও।

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভগবান

ভগবানকে জানা, আপনাকে জানা ; আপনাকে জানা, ভগবানকে জানা।

* * *

ফুলের মধ্যে যেমন বীজ আছে, খুললেই দেখা যায়, আবার বীজের মধ্যে বৃক্ষ আছে। তেমনি তোমার মধ্যেও ভগবান আছেন। সাধন করে খুলতে পারলে, মনের আবরণটা নষ্ট করতে পারলে, সেই যে স্বয়ং প্রকাশ, তাঁকে পাওয়া যায়। বীজের মধ্যে যেমন সমগ্র গাছটি, তেমনি তোমার মধ্যেও তিনি পূর্ণভাবে বিরাজিত।

* * *

যেমন তোমার আঙ্গুল স্পর্শ করলেও তোমাকে স্পর্শ করা হয়। অথচ তুমি আঙ্গুল নও। তোমার

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কাপড় ছুঁলেও তোমাকে ছোঁয়া হয়। অথচ তুমি কাপড় নও। তোমার অংশ যেমন তুমি, আবার সমগ্রও তুমি, তেমনি এক হয়েও ভগবান বহু, বহু হয়েও এক।

* * *

ভগবানের এক নাম চিন্তামণি। তিনি সকল কামনা পূর্ণ করেন বলে জীব তাঁকে চিন্তা করলে ক্রমে ক্রমে তাঁর চিন্তা ভিন্ন অন্য কোন চিন্তা থাকে না।

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নাম ও নামী

নাম, নামী আর তাঁর রূপ অভিন্ন, যেমন অগ্নি, উত্তাপ আর তার দাহিকা শক্তি। সর্বরূপে স্বয়ংই তো। আবার নাম নিতে নিতে চৈতন্য জাগ্রত হয়, যেমন বীজ বপন করলে বৃক্ষের উৎপত্তি। তাই নাম নিয়ে থাকাই তাঁকে নিয়ে থাকা।

* * *

ভগবানের নাম হবে। আর পবিত্রতা আসবে না — এ কী হয়। যেখানে তাঁর নাম, সে স্থান পবিত্র ধাম। তোমরা বল না জপাৎ সিদ্ধি — ভগবন্নামে চির শুদ্ধি, সর্ব-সিদ্ধি।

* * *

সৎসঙ্গ, সৎকথা, সৎ পরিবেশ, যাই বল না কেন, নামের মধ্যেই তো সব। আবার সৎ-চিন্তন,

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সৎ-বিচারের রাস্তাও নামেই খোলে। তাই সত্য প্রকাশের অনুকূল ক্রিয়া নাম।

* * *

শান্ত পরিবেশে, অন্তরমুখী হয়ে ভগবানকে ডাক, তাঁর নাম নিয়ে থাক। অন্তরের ঠাকুর তো! তাঁকে ডাকলে, তাঁর নামে অন্তর আলোকিত হয়ে উঠবে।

তোমরা বল তো 'রসো বৈ সঃ'। তিনিই রস এই রসের উৎস ভগবন্নামেই খোলে।

* * *

ভগবানের নাম করবে, আর তার ফল হবে না — এ হতেই পারে না। মন-প্রাণ দিয়ে তাঁর নাম কর, তাঁকে ডাক। এ হলে তিনি স্বয়ংই তার ক্রিয়া দেন। তোমার যথাশক্তি তাঁর নামে মন-প্রাণ ঢেলে দাও বাকীটা তিনি পূর্ণ করে নেবেন। নেবেন।

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যে ক্রিয়াতে ভগবৎ ভাব উদ্দীপিত হয়, সেই কর্ম-ই কর্ম। আর সব অকর্ম। যে পথে ভগবৎ ভাব নেই, প্রেয় হলেও তা ত্যজ্য। প্রেয় আপাত মনোহর, পরিণামে বিষময় অমঙ্গল-অশান্তিকর-মৃত্যুর দিক্।

* * *

মানুষ নামে পরিচিত। মনের হঁস হওয়া চাই। কর্তব্য নয় কি, আছাড় পড়িলে, — আবার সেই মাটি ধরিয়া উঠিয়া দাঁড়ান। বার বার তো আর পড়িয়া যায় না।

* * *

চেতনা মানেই খোলা উন্মুক্ত ভাব। সেই চেতনা পেতে হ'লে খোলা আকাশের দিকে চেয়ে থাকতে

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হয়। খোলা জায়গায়, খোলা বাতাসে, খোলা শরীরে থাকার চেষ্টা। দিগন্ত বিস্তৃত পাহাড় বা সমুদ্রের দিকে চেয়ে থাকলে জড় গ্রন্থি ভেদ সহজ হয়।

* * *

যা সকলেই চায় তা পাবার সহায়ক কর্মই ধর্ম। তাই স্বভাবের কর্ম। আর যা অশান্তি দুঃখ আনে তাই অভাবের কর্ম-অধর্ম।

মাতার পরিচয় যেমন স্নেহ মমতায়, পত্নীর পরিচয় যেমন প্রেম অনুরাগে, বন্ধুর পরিচয় যেমন প্রীতি ও আত্মীয়তায়, তেমনি ধার্মিকের পরিচয় ধর্মাচরণে।

* * *

মানুষ ঈশ্বরের প্রতিরূপ। মানব জন্ম সব জন্মের সেরা। মানুষের মনোরাজ্যে এমন সব গুপ্ত

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সম্পদ নিহিত আছে যা জগতের আর কোথাও নাই। ডুবুরীর মত নিজের অন্তরের গভীরতায় ডুবে অহর্নিশি সেই সব রত্ন উদ্ধারের চেষ্টা কর। ইহাই পরম পুরুষার্থ, ইহাই পরম ধর্ম।

* * *

ধর্মের দিকে মন দিতেই হবে। ধর্মই তো প্রাণের প্রাণ, আত্মা। সেই আত্মা কে? তাঁকে জানতেই হবে। না জানা পর্যন্ত উপায় নাই। যতদিন না জানা ততদিন দুর্ভোগ ভুগতেই হবে॥

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সাধন-ভজন

স্বধন লাভের জন্য স্বভাবের যে কর্ম-চেষ্টা তারই নাম সাধন। কর্ম মাত্রই সাধনা, জীব মাত্রেই সাধক। ভগবান জীবের স্বধন বলে তিনিই সাধনার বস্তু। এক লক্ষ্য সাধনার প্রাণ; শ্রদ্ধা, বিশ্বাস ও ধৈর্য্য ইহার শক্তি।

* * *

আর ভজন কাকে বলে? 'ভ' মানে ভগবান যে আপন জন তার উপলব্ধির প্রক্রিয়াই ভজন। ইহাও ভগবানের কৃপা সাপেক্ষ। তবে সদ্‌ইচ্ছা জাগরিত হ'লে ভগবানই তা পূরণের জন্য কৃপা করেন।

* * *

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সাধন পথে করণীয় —

সৎক্রিয়া, সৎসঙ্গ, সত্যাচরণ।

জন জনার্দনের সেবা তৎ জ্ঞানেতেই করবে।

জপ, ধ্যান, পূজা, স্মরণ, কীর্তন আর ক্রিয়াযোগ

এবং তাঁর শরণাগতি — ঘুচিয়ে দেবে ভবরোগ।

* * *

ভাল লাগুক আর না লাগুক, তাঁকে নিয়ে থাকতেই হবে। ঔষধ খাওয়ার মত গিলতেই হবে। তাঁকে ভাল না লাগলে যে চলবেই না। এরই নাম তপস্যা। এরই নাম সাধনা।

* * *

সাধন ভজন কী করতে হয়? সাধন-ভজনে গুরুর উপদেশ যার যেভাবে থাকে সন্ধ্যা, সকাল, দুপুর, মধ্যরাত্রি, গুরুর ধারা ধরে একটি নির্দিষ্ট

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সময় ঠিক করে — এই আসনে বসব, এই জপ করব — এরূপ সংকল্প করতে হয়। ক্রমশঃ সময় ও সংখ্যা বাড়াতে হয়। নিয়ম করে নিতে হয়, অমুক তিথি বা অমুক বারে এতটা বাড়াব। এই ভাবে চলতে চলতে দেখবে তিনিই তোমাকে পরিবর্তিত করে নিচ্ছেন।

* * *

একান্ত না হলে শ্রীকান্তকে পাওয়া যায় না। নীরব ও নির্লিপ্তভাবে যারা পরম পুরুষের সাধনা করতে চায় হিমালয় তাদের পক্ষে বড়ই অনুকূল। ভাবকে লক্ষ্য করে যার সাধনা, সমুদ্র তীর তার উপযোগী। তরঙ্গে তরঙ্গে ভাবের হিল্লোল এসে ভাবময়ের সীমাতীত ভাবে তাকে ডুবিয়ে স্থিরলক্ষ্যে পেঁাছে দেবে। যার মন মাত্র সাধন পথের পথিক হবার জন্যে উন্মুখ হয়েছে, কোন নিভৃত রমণীয়

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্থান তার পক্ষে প্রশস্ত। সাধারণ গৃহধর্মীর পক্ষে ঈশ্বর চিন্তার জন্য অন্ততঃ ঘরের কোণায় একটি নির্দিষ্ট শুদ্ধ স্থান করা আবশ্যক।

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শান্তি লাভের উপায়

সকলেই শান্তি খুঁজে বেড়ায়। কেউ খোঁজে পুত্রে, কেউ ধনে, কেউ সাংসারিক ভোগে। কিন্তু প্রকৃত শান্তি সৎ কর্মের দ্বারা চিত্তের মলিনতা বিদূরিত হলে, হৃদয়ে ঈশ্বরের মনোমোহন রূপ ফুটে ওঠায়।

* * *

সব বিষয়ে ভগবানের ওপর নির্ভর। সব আবেদন নিবেদন তাঁকেই জানান। ভগবানের পেছনে ঘুরতেই হবে, এ ছাড়া উপায় নাই, অমৃতের সন্তান, তিনি মৃত্যুর দিকে যেতে দেবেন কেন ?

* * *

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শান্তি লাভের উপায়

অশান্ত হলে পরেই সুশান্তকে পাওয়া যায়। শান্তি পেতে হলে তাঁর জন্যে ব্যাকুল হও। তিনি তো হাত বাড়িয়েই আছেন।

* * *

বিপদ মানুষের ওপরেই আসে। কখনো নিরাশার ভয়ঙ্কর কালো-মেঘ সর্ব দিক দিয়ে ঘিরে ফেলে। কিন্তু চিন্তা কি ? ভগবান তো আছেনই। তাঁর স্মরণে সব কালো মেঘ কেটে যায়।

* * *

তুমি যদি শান্ত ও সমর্পিত হয়ে মাকে ডাক, অশান্তির ছায়াও তোমাকে স্পর্শ করতে পারবে না।

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শান্তি লাভের উপায়

সকলেই শান্তি খুঁজে বেড়ায়। কেউ খোঁজে পুত্রে, কেউ ধনে, কেউ সাংসারিক ভোগে। কিন্তু প্রকৃত শান্তি সৎ কর্মের দ্বারা চিত্তের মলিনতা বিদূরিত হলে, হৃদয়ে ঈশ্বরের মনোমোহন রূপ ফুটে ওঠায়।

* * *

সব বিষয়ে ভগবানের ওপর নির্ভর। সব আবেদন নিবেদন তাঁকেই জানান। ভগবানের পেছনে ঘুরতেই হবে, এ ছাড়া উপায় নাই, অমৃতের সন্তান, তিনি মৃত্যুর দিকে যেতে দেবেন কেন ?

* * *

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শান্তি লাভের উপায়

অশান্ত হলে পরেই সুশান্তকে পাওয়া যায়। শান্তি পেতে হলে তাঁর জন্যে ব্যাকুল হও। তিনি তো হাত বাড়িয়েই আছেন।

* * *

বিপদ মানুষের ওপরেই আসে। কখনো নিরাশার ভয়ঙ্কর কালো-মেঘ সর্ব দিক দিয়ে ঘিরে ফেলে। কিন্তু চিন্তা কি ? ভগবান তো আছেনই। তাঁর স্মরণে সব কালো মেঘ কেটে যায়।

* * *

তুমি যদি শান্ত ও সমর্পিত হয়ে মাকে ডাক, অশান্তির ছায়াও তোমাকে স্পর্শ করতে পারবে না।

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিত্য ধ্যানের প্রক্রিয়া — নির্দিষ্ট সময় শুদ্ধ আসনে নিশ্চল হয়ে বসে মূর্তির ধ্যান কর। পরে মূর্তিকে আসনে বসিয়ে জপ করবে। তারপর প্রণাম করে ঠাকুরকে হৃদয়ে পুনঃ স্থাপিত করে উঠে যাও। এ ধ্যানের প্রক্রিয়াতে আত্মসমর্পণ হয়ে যাবে।

* * *

বাক্ সংযম কি মৌন? মৌনের সহায়ক। বাক্ সংযমে মনের ক্রিয়া বর্তমান থাকে। আর মৌন? মৌন মানে ভগবানে মনঃ সংযোগ। মৌন হলে যাবতীয় প্রয়োজন স্বতঃই সিদ্ধ হতে থাকে।

* * *

কৃপা তো অহৈতুকী নিশ্চয়ই। পিতার সেবা করলে, পিতা প্রসন্ন হয়ে তোমাকে কিছু দিলেন —

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এ হ'ল কর্ম্মফল। করলে, পেলে — কৃ, পা। কিন্তু পিতা-পুত্রের সম্বন্ধ তো নিত্য। পরম পিতা, পরম মাতা তো তিনিই সুতরাং হেতুর প্রশ্ন কোথায়!

* * *

বৈষ্ণব আর শাক্ত? বৈষ্ণব কাকে বলে? যার নিকট সর্বত্র বিষ্ণুরই প্রকাশ। আর শাক্ত? যে কেবল মাকে দেখেন। কিন্তু সব ভাবের স্ফূরণ, উৎস সে তো একই স্থানে। কার নিন্দা, কার স্তুতি?

* * *

ক্ষণের অর্থ সময়। সময়ে কথা পড়লে তা ফলবতী হবেই। কিন্তু সে সময় তোমাদের ঘড়ির সময় না। সময় অর্থ স্ব + ময়। যেখানে তিনি ভিন্ন আর কিছুই নাই।

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varan

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সান্ত্বনা ও আশার বাণী — মাভৈঃ

ভয় নাই। আমি তো তোদের সঙ্গে সঙ্গেই আছি। ভয় কি!

* * *

তোরা যতদূর যেখানেই থাকিস এ শরীরের একটা লক্ষ্য সর্বদা তোদের ওপর জেগে রয়েছে, জানিস্।

* * *

পাপ পুণ্য? পাপী পুণ্যাত্মা? — যেমন নদীর স্রোত বিষ্ঠা ও চন্দন সবই ভাসিয়ে নিয়ে যায়, বাতাস দুর্গন্ধ, সুগন্ধ কি বিচার করে? চন্দ্র-সূর্য সর্বত্রই আলো দেয় — এ শরীরের নিকটও সেই কথা।

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তোদের একটা কথা বলিতেছি — এ শরীরের কাছে দূর নিকটের কোন পার্থক্য নাই। জানা-অজানা বলিয়া কিছু নাই। যে ঠাকুরের কাছে যে যার অন্তরের নিবেদন এ শরীরের কাছেই সব।

* * *

এ শরীরের কাছে, যারা এসেছে তাদের আর পতন নেই ; এমন কি যারা মনে করেছে তাদেরও।

* * *

এ শরীরের একমাত্র কথা এই যে সকলে প্রতিদিন নিজ নিজ নির্দিষ্ট সময়ে ভক্তি শ্রদ্ধার সঙ্গে নিজ নিজ উপাসনার অনুষ্ঠান করুক। ইহা সত্ত্বেও যদি ফল লাভ না হয়, তার জন্যে এ শরীর দায়ী।

. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মাতৃকৃত পরিভাষা

কৃপা—কৃ (করা) + পা (পাওয়া) = করলেই পাওয়া যাবে।

সাধন—সা (স্ব) + ধন—স্ব (আত্ম) + ধন (পরম সম্পদ, ঈশ্বর) = নিজ পরম সম্পদ (ঈশ্বর) প্রাপ্তির প্রক্রিয়া।

ভজন—ভ (ভগবান) + জন (আপন জন) = ভগবান নিজ জন তার উপলব্ধির প্রক্রিয়া।

সংসারী—সং (সঙ্) + সারী (সার মনে করেন যাঁহারা) = প্রকৃত সত্যকে ভুলিয়া সঙ্‌কেই সার মনে করেন যাহারা।

তপস্যা—তপঃ (তাপ) + স্যা (সহ্য করা) = ঈশ্বর লাভের জন্য দুঃখ কষ্ট সহ্য করা।

. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মাতৃকৃত পরিভাষা

বিশ্বাস—বিশ্ব (সমগ্র জগৎ) + আশ (আশা করা)—সমগ্র জগতে সর্বরূপে যিনি তাঁকে পাওয়ার আশা।

বিষয়—বিষ (গরল) + হয়—পরিণামে বিষবৎ কাজ করে যাহা।

আশ্রম—আ (অ) + শ্রম।—অ (অল্প বা বিনা) + শ্রম অল্পায়াসে বা বিনা পরিশ্রমে ঈশ্বর লাভ যেখানে।

ব্যারাম—ব্যা (বে) + রাম—রাম নাই যেখানে —ঈশ্বরের নাম, জপ প্রভৃতির অভাব অবস্থা।

দুনিয়া—দু (দুই) + নিয়া—সর্বরূপে এক তিনিই এ বোধ নাই যেখানে।

. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জগত—জ (যাহা) + গত (গত হয় যাহা) —যাহা স্থির নহে, অনবরত গতির মধ্যে—অনবরত পরিবর্তনশীল।

দেহ—দে (দাও) + হ—জন্ম জন্মান্তরের কামনা বাসনা পূরণের আকাঙ্ক্ষার জন্য শরীর ধারণ।

নাশ—না = শ + (স)—তিনি (স) + না—তাঁহার স্বরূপ না থাকায় তাহাই বিনষ্ট (বা পরিবর্তিত) হয়।

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

igitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IK

n Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Va

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IK

In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Va

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Vara